প্রাপ্তিন বাতক



বর্তমান যুগের ঘৃণিত এক অভ্যাসের নাম ধূমপান। ধূমপান করে মানুষ বিভিন্ন
মুসিবত ও নানা রোগে আক্রান্ত হচ্ছে। ধূমপান ধূমপায়ীদের অন্তর, রক্ত, শ্বাসনালী ও
পেটকে মরণ ব্যাধি ক্যান্সারে আক্রান্ত করাসহ, পরিবেশও দূষণ করছে।

আশ্বর্য, কতক মানুষ ধূমপান নামের এ বিষ খরিদ করে গলাধঃকরণ করছে নেশার জন্য, অতঃপর তাতে মগ্ন থাকে মৃত্যু পর্যন্ত। অথচ ধূমপান তাদের মধ্যে নানা প্রকার ক্যান্থারের সৃষ্টি করছে, বিশেষ করে ফুসফুসের ক্যান্থার। আপনি বলতে পারেন, ধূমপান ক্যান্থার সৃষ্ট করে প্রমাণ কি?



বিশেষজ্ঞগণ এর উত্তরে বলেন:

- ধূমপায়ীদের তুলনায় অধূমপায়ীদের মধ্যে ক্যান্সার রোগটি খুব কম।
- সিগারেটের সংখ্যা ও ধূমপানের স্থায়িত্ব অনুপাতে ফুসফুসের ক্যান্সার
 বৃদ্ধি পায়, যখন ধূমপান ছেড়ে দেয়া হয়, ধীরে ধীরে তার প্রকোপ কমতে
 থাকে, এ থেকে ফুসফুসের ক্যান্সার ও ধূমপানের মধ্যে গভীর সম্পর্ক প্রমাণিত হয়।
- ফুসফুসে বিভিন্ন প্রকার ক্যান্সার হয়। যার উৎস ধূমপান, ধূমপানের
 ফলে তারই বৃদ্ধি ঘটে। যার সম্পর্ক ধূমপানের সাথে নেই, ধূমপানের
 কারণে তার বৃদ্ধি ঘটে না।
- কতক গবেষণা প্রমাণ করেছে যে, ধূমপান কণ্ঠ ও মূত্রাশয়ে ক্যান্সার সৃষ্টির অন্যতম কারণ।
- ধূমপানের কারণে গর্ভের সন্তান ক্ষতিগ্রস্ত হয়। গবেষণা থেকে প্রমাণিত হয়েছে
 যে, ধূমপায়ী গর্ভবতী নারী অকাল গর্ভপাত ও ভ্রণ বিনষ্টের সম্মুখীন হয়, অনেক
 সময় মৃত সন্তান জন্ম দেয়, কিংবা ভূমিষ্ঠের প্রথম সন্তাহে তানের সন্তান মারা যায়।
- ধূমপান নারীর নারীত্ব ও সৌন্দর্য বিনাশ করে, দাঁত হলুদ বানায় ও ঠোট কালো
 করে দেয়। অধিকন্ত ধূমপান নারীর আওয়াজের কোমলতা বিনষ্ট করে, মুখে দুর্গন্ধ
 সৃষ্টি করে, যা সুগন্ধি ব্যবহারেও দূর হয় না।

গবেষণা থেকে আরো প্রমাণিত হয়েছে যে, মায়ের ধূমপানের কারণে গর্ভের সন্তানের মন্তিষ্কের ধমনী হ্রাস পায় ও সংকৃচিত হয়। সিগারেটের গ্যাস খুব দ্রুত সন্তানের মধ্যে অনুপ্রবেশ করে। মায়ের পেট থেকে সন্তানের মধ্যে অনুপ্রবেশকালে এ গ্যাসের গতি রক্তের গতির চেয়ে কয়েকগুণ বেশী হয়। গবেষণা থেকে আরো প্রমাণিত হয়েছে যে, ধূমপানের ফলে মাথায় টাক হয়, চুল পড়ে যায়। দেখা গেছে সিগারেটের নিকোটিনের কারণে অনেকের মাথা টাক পড়েছে। গবেষণা থেকে প্রমাণিত যে, ধূমপানে অন্তান্ত ব্যক্তিদের ২১-২২ বছরের মধ্যে মাথার চুল পড়ে যায়, তাদের অনেকে চৌদ্দ কিংবা

পনের বছর বয়সে ধূমপান আরম্ভ করেছিল। ধূমপানের ফলে সৃষ্ট রোগ বংশগত রোগে পরিণত হয়।

ধূমপায়ীরা অন্যদের তুলনায় মাথার চুল দ্রুত হারায়।



যুবক ও উঠতি বয়সী ছেলেরা কেন ধূমপান করে?

বেশ কিছু কারণে অল্পবয়সী ছেলেরা ধ্মপায়ী হয়ে ওঠে, তবে সবার ধ্মপানের পিছনে কারণ এক নয়, বিভিন্ন কারণ রয়েছে। এখানে গুরুত্বপূর্ণ কয়েকটি কারণ উলেখ করছি:

- মাথা-পিতার অবহেশা।
- ধৃমপানের প্রতি কৌতুহল।
- ধৃমপায়ী বন্ধুদের অনুসরণ।
- সিগারেটের ব্যাপক প্রসার।



কিভাবে আজীবন অধূমপায়ী থাকবেন 🕺

ধূমপান ত্যাগ করার ফলে আপনি বিভিন্ন অসুবিধার সম্মুখীন হবেন, ঘুমে ব্যাঘাত ঘটবে অথবা ক্লান্তি অনুভব হবে অথবা শরীরে টানটান ভাব হবে কিংবা শরীর নেতিয়ে পড়বে অথবা ঠোঁট শুকিয়ে আসবে ইত্যাদি। এসব অবস্থা খুব স্বাভাবিক, কারণ আপনার শরীর এখনো সিগারেটের নিকোটিনে অভ্যস্ত।


সামান্য সময়ের জন্য বিরতি নিন, এ সময়ে আপনার নফসকে কোন সুযোগ দিবেন না। খাবার পর কফি, চা ও অন্যান্য পানীয়, যাতে ক্যাফিন রয়েছে পরিত্যাগ করুন। শারীরিক ব্যায়াম ও মানসিক স্বস্তি আনয়নকারী কিছু গ্রহণ করুন, প্রয়োজন হলে ডাক্তারের পরামর্শ নিন। আর প্রত্যেক কঠিন মুহুর্তে আলাহর নৈকট্য, তাকওয়া ও ইবাদতের মাধ্যমে সাহায্য প্রার্থনা করুন।



যেভাবেই হোক ধূমপান ত্যাগ করুন, যদি ফুসফুসের ক্যান্সার, হৃদ রোগের আশঙ্কা ও দ্রুত মৃত্যুর কারণগুলো ধূমপান ত্যাগে সহায়ক না হয়, তাহলে অন্তত স্বাস্থ্য ও অর্থের সুরক্ষার জন্য ধূমপান ত্যাগ করুন। ব্রিটেনের গবেষকগণ ধূমপায়ীদের বৈষয়িক উপকার হাসিলের আহ্বান জানিয়েছেন, যা ধূমপান ত্যাগের ফলে অর্জিত হয়। ধূমপান একটি ব্যয়বহুল অভ্যাস, বিশেষ করে ব্রিটেনে। অনুরূপ ফ্রান্স, স্পেন, ইতালি ও বেলজিয়ামে সিগারেটের দাম অস্বাভাবিক। গবেষকদের জরিপে প্রমাণিত যে, একজন ধূমপায়ী, যে দিনে এক প্যাকেট সিগারেট পান করে, সে ধূমপান ত্যাগ করে বছরে (২২০০) ডলার আয় করতে পারে।

THE REAL PROPERTY.







মার্ফি ও তার টিমের গবেষকগণ বলেন, বংশগত রোগ যদি ধূমপানেকারণে বিস্তার লাভ করে, তাহলে ভবিষ্যতে তার চিকিৎসা একটাই যে, ধূমপান ত্যাগ করা। ধূমপায়ীরা স্বীকার করবেন এ কোন বড় বিষয় নয়। তারা বলেন, ধূমপানের পেছনের দিনগুলো ব্যতীত সর্বদাই ধূমপান ত্যাগ করার সুযোগ রয়েছে।

গবেষণায় প্রমাণিত হয়েছে যে, যারা পঁয়ত্রিশ বছর হওয়ার আগেই ধূমপান ত্যাগ করেন, তারা প্রায় ক্যান্সার ও অন্যান্য রোগের সব ধরণের ঝুঁকি থেকে মুক্তি থাকেন। আর পঞ্চাশ বছর অতিক্রম করার পর ধূমপান ত্যাগকারীগণ অর্ধেক ঝুঁকিতে থাকেন।

মার্কি আরো বলেন: "এখন যারা ধূমপান করছে, তাদেরকে ধূমপান ত্যাগ করার উপদেশ অধিক ফল বয়ে আনবে, আগামী বিশ থেকে ত্রিশ বছরে, তাদের তুলনায় যারা এ অভ্যাস ধীরে ধীরে গড়ে তুলছে" তিনি আরো বলেন: "আপনি যত দ্রুত ধূমপান ত্যাগ করবেন, তত দ্রুত আপনার শরীর ও অর্থের জন্য উপকারী"।



ধূমপান হারাম, কারণ ধূমপান কুরআনে বর্ণিত খবিস বস্তুর অন্তর্ভুক্ত। আলাহ তাআলা বলেন: "এবং তিনি তাদের জন্য পবিত্র বস্তু হালাল করে আর অপবিত্র (খবিস) বস্তু হারাম করে"। সূরা আরাফ: (১৫৬) "আর তোমরা নিজেরা নিজেদেরকে হত্যা কর না, নিশ্চয় আলাহ তোমাদের ব্যাপারে পরম দয়ালু। আর যে ঐ কাজ করবে সীমালজ্ঞন ও অন্যায়ভাবে, আমি অচিরেই তাকে আগুনে প্রিবেশ করাব। আর সেটি হবে আলাহর উপর সহজ"।

সূরা আন-নিসা: (২৯-৩০)



আমরা প্রশ্নকারীকে বলতে চাই, কুরআনে প্রত্যেক হারাম বস্তুর উলেখ নেই, বরং পবিত্র চানুনতেও নেই। একটি সাধারণ নীতির কারণে ধূমপান হারাম, যেমন খবিস বস্তু হারাম, অনুরূপ মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ও তার নফসকে ধ্বংসকারী বস্তুও হারাম। অনুরূপভাবে অর্থের অপচয় করাও হারাম। আরো কিছু বিষয় আছে উন্মতের ইজমা দ্বারা হারাম, অথবা কিয়াসের দ্বারা অথবা শরীয়তের উদ্দেশ্যের বিপরীত হওয়ার কারণে হারাম, বা অন্য কোন কারণে। সাধারণ মুসলিম, যার কুরআনের হুকুম জানার যোগ্যতা নেই, তার জন্য আলেম ও জানা ব্যক্তি থেকে জেনে নেয়া এবং তার ফতোয়া মোতাবেক আমল করাই যথেষ্ট। তারা যদি তাকে হারাম অথবা হালালের দলিল বলে দেয়, তাহলে খুব ভালো। আলাহর হুকুম যে জানল, তার উচিত দ্রুত তার বাস্তবায়ন করা, বিস্তারিত দলিলের পিছনে না ছুটা। শুধু কুরআনের দলিলকেই যথেষ্ট জ্ঞান করা, অথবা কুরআন ও সুন্নার জ্ঞানের উপর সম্ভুষ্ট থাকা। কারণ ইসলামী শরীয়তের আরো অনেক দলিল রয়েছে, যেমন ইজমা, কিয়াস, ইস্তেহসান, ইস্তেসহাব এবং মাসালেহে মুরসালাহ ইত্যাদি। আলাহ ভালো জানেন।

মারকাজুল ফতোয়া আশ-শাবাকাতুল ইসলামিয়াহ

ফতোয়া শং: ৩২২৬৮,

ফতোয়ার শিরোমাম: ধৃমপাম হারাম হওয়ার দলিল।

তারিখ: সোমবার, ২৫-সফর, ১৪২৪হি. /২৮-৪-২০০৩ই.